দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

**কবিতা / গল্প**
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 17 SEPTEMBER 2025 ,WEDNESDAY|১৭ সেপ্টেম্বর ২০২৫ ,বুধবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-396

## রাস্তা সংস্কারের কাজ শুরু হয়েছে আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : পুজোর আগেই শহরে বিভিন্ন রাস্তা সংস্কার করার কাজ শুরু হয়েছে ।মঙ্গলবার বিকেল তিনটে নাগাদ এমনটাই জানিয়েছেন আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর। সঠিকভাবে কাজ হচ্ছে কিনা তাই দেখতে আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যানের পাশাপাশি কাউন্সিলর এবং সরকারি আধিকারিকরা আজ পরিদর্শন করলেন। আসন্ন দুর্গাপূজায় আলিপুরদুয়ার জেলা শহর জন জোয়ারে ভাসবে প্রতিমা দর্শনের জন্য । তাই দর্শকদের কোনরকম যেন অসুবিধা না হয় তাই রাস্তা সংস্কার করা খুব জরুরী দরকার এমনটাই বলছেন পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর। শহরের বেশ কয়েকটি ব্যস্ততম রাস্তা সংস্কার করার কাজ শুরু হয়েছে পুজোর আগেই বিশেষ করে যে রাস্তাগুলি দিয়ে দর্শকরা প্রতিমা দেখার জন্য ব্যবহার করেন সেই রাস্তাগুলি আগে ঠিক করা হচ্ছে।

## রাস্তা পারাপার করতে গিয়ে লজ্জায় মাথা নত করেন মহিলারা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : শামুকতলা গ্রাম পঞ্চায়েতের ছোট পুকুরিয়া সেরি কালচার অফিস সংলগ্ন স্থানে প্রায় তিন বছর আগে তৈরি করা হয়েছিল যাতায়াতের রাস্তায় কালভার্ট। তিন বছরেও কালভার্ট দিয়ে যাতায়াত করতে পারছেন না এলাকার বাসিন্দা থেকে শুরু করে আইসিডিএস কেন্দ্রে যাওয়া মহিলারা। আদিবাসী প্রবণ এলাকা। পিছিয়ে পড়া গ্রাম। দু বছরের মধ্যেও দেখা যায়নি এলাকায় পঞ্চায়েত সদস্যকে। শাসকদলের পঞ্চায়েত সদস্যকে চেনেন না এলাকার বাসিন্দারা। আদিবাসী প্রবন এলাকা বলে তাদের সুখ সুবিধার দিকে নজর নেই রাজনৈতিক নেতাদের। শুখা মরশুমে কালভার্টের পাশে থাকা জমি দিয়েই যাতায়াত করেন সাধারণ মানুষ। কিন্তু এখন বর্ষাকাল যাতায়াত করার মতো কোনো পরিস্থিতি নেই তবুও নেহাত প্রয়োজনে কালভার্ট পারাপার করেন জীবনের ঝুঁকি নিয়ে হামাগুড়ি দিয়ে পুরুষেরা। মহিলারা রাস্তা পারাপার করতে গিয়ে লজ্জাবোধ করেন কারণ জলে ভিজে যায় কাপড় তাই কাপড় অনেকটাই তুলে জল দিয়ে পার হতে হয় রাস্তা। শামুকতলা গ্রাম পঞ্চায়েত প্রধান খুব শীঘ্রই সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন।

## বাংলার কেন্দ্রীয় সরকারি কর্মীদের জন্য সুখবর




এই যুগ , হাওড়া,১৬ সেপ্টেম্বর: সামনেই বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো। আর পুজোর মুখেই কেন্দ্রীয় সরকারি কর্মীদের জন্য বিরাট সুখবর। দুর্গাপূজা উপলক্ষে পশ্চিমবঙ্গে থাকা কেন্দ্রীয় সরকারি কর্মীদের সেপ্টেম্বর মাসের বেতন নির্ধারিত সময়ের আগেই দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। চলতি সেপ্টেম্বর মাসের ২৬ তারিখেই তাঁদের অ্যাকাউন্টে ঢুকে যেতে পারে বেতন। এর পাশাপাশি বাংলায় বসবাসকারী কেন্দ্রীয় সরকারের অবসরপ্রাপ্ত কর্মীদেরও পেনশন ঢুকবে সেই দিনেই।সাধারণত, প্রতি মাসের শেষ কর্মদিবসে কেন্দ্রীয় সরকারি কর্মীরা বেতন পেয়ে থাকেন। শেষ দিন যদি শনি বা রবিবার হয়, সে ক্ষেত্রে তার আগের দিনে বেতন দিয়ে দেওয়া হয় কেন্দ্রীয় সরকারি কর্মীদের। কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তে স্বাভাবিক ভাবেই খুশি কেন্দ্রীয় সরকারি কর্মীদের একাংশ।

## পরিযায়ী শ্রমিকদের বিষয়ে বৈঠক জেলা প্রশাসনের উদ্যোগে




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ,১৬ সেপ্টেম্বর :মালদহ জেলা প্রশাসনের উদ্যোগে জেলার পরিযায়ী শ্রমিকদের বিষয়ে জেলা শাসকের দপ্তরে আয়োজিত হয় এক বৈঠক। মঙ্গলবার আয়োজিত এই বৈঠকে উপস্থিত ছিলেন জেলাশাসক নীতিন সিংহানিয়া, জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব,মালদহ জেলা পরিষদের সভাধিপতি লিপিকা ঘোষ বর্মন, নির্বাচিত জনপ্রতিনিধিগন সহ জেলা শ্রম দপ্তরের আধিকারিকগন। জেলাশাসক নীতিন সিংহানিয়া জানান এদিনের বৈঠকে জেলার পরিযায়ী শ্রমিকদের নাম নথিভুক্তিকরণ, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষিত শ্রমশ্রী প্রকল্পের আওতায় তাদের নিয়ে আসার জন্য সচেতন করার লক্ষ্যে বাড়ি বাড়ি গিয়ে পরিযায়ী শ্রমিকদের বিষয়ে খোঁজ খবর করা প্রভৃতি বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে।

# বাড়ির গোয়াল ঘর থেকে উদ্ধার যুবকের ঝুলন্ত দেহ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর: ২৪ বছর বয়স্ক এক যুবকের মৃতদেহ উদ্ধার হয়েছে তার বাড়ির গোয়ালঘর থেকেই আর তাই নিয়ে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মঙ্গলবার কুমারগ্রাম ব্লকের চেংমারি গ্রাম পঞ্চায়েতের হেমাগুড়ি এলাকায় বাড়ির গোয়াল ঘর থেকে উদ্ধার হল এক যুবকের ঝুলন্ত দেহ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম পঙ্কজ মোচারি, বয়স ২৪। জানা গিয়েছে, এদিন সকালে বাড়ির গোয়াল ঘরে পঙ্কজকে ঝুলন্ত অবস্থায় দেখেন তার পরিবারের সদস্যরা। তৎক্ষণাৎ খবর দেওয়া হয় কুমারগ্রাম থানায়। এরপর পুলিশ এসে ঝুলন্ত দেহ উদ্ধার করে। পঙ্কজের পরিবার সূত্রে জানা গিয়েছে, সে কিছুটা মানসিক ভারসাম্যহীন ছিল। পঙ্কজের অকালমৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকায়। এদিন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে দেহের ময়নাতদন্ত হয়েছে। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে কুমারগ্রাম থানার পুলিশ।

# টটপাড়া সংরক্ষিত এলাকাতে মদের আসর



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : নামেই সংরক্ষিত এলাকা। সংরক্ষিত এলাকা সাইনবোর্ড দেওয়া থাকলেও মূল ফটক অনেকদিন আগেই ভেঙ্গে গেছে। যার ফলে অনায়াসে যাতায়াত করতে পারে দুষ্কৃতী থেকে শুরু করে আমজনতা। ডুয়ার্সের আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের টটপাড়া চড়াইমহল জলের পাম্প ক্যাম্পাসে অনবরত চলছে মদের আসর থেকে শুরু করে গাঁজার আসর। প্রতিনিয়ত মদের আসর বসে রাতের অন্ধকারে। যদিও ঘনবসতির মাঝেই রয়েছে এই জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কার্যালয়টি। কর্মীদের কাছ থেকে জানা গেছে বিষয়টি নিয়ে প্রশাসনিক করতে থেকে শুরু করে আধিকারিকদের জানানো পরেও কোন কাজ হয়নি। মঙ্গলবার দুপুরে ওই এলাকায় গিয়ে দেখা গেল মদের বোতল থেকে শুরু করে গাঁজার কল্কি এমনকি অত্যাধুনিক পদ্ধতিতে প্লাস্টিকের বোতল মাঝ বরাবর ফুটো করে লাগানো আছে কল্কি। প্রশাসনিক গাফিলতির অভিযোগ উঠেছে পাম্পের কর্মী থেকে শুরু করে এলাকার বাসিন্দাদের কাছ থেকে। যদিও মাঝেমধ্যে পুলিশ ওই এলাকায় এসে টহলদারি দেয় এমনটাও জানা গেছে এলাকার বাসিন্দাদের সূত্রেই।

# ১৭ দফা দাবি নিয়ে পাম্প কর্মীদের বিক্ষোভ আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৬ সেপ্টেম্বর : পানীয় জল পাম্প অপারেটর কর্মী ইউনিয়নের নর্দান মেকানিক্যাল ডিভিশন কমিটির পক্ষ থেকে বিভিন্ন দাবি দাবার পরিপ্রেক্ষিতে ডেপুটেশন প্রদান করা হয়েছে এমনটাই জানা গেছে মঙ্গলবার বিকেল তিনটে নাগাদ। অপারেটর দের সঙ্গে ঠিকাদার সঠিকভাবে ব্যবহার করছেন না। তাছাড়া পাম্প অপারেটরদের পাম্প চালানোর মত পরিকাঠামো না থাকলেও জনস্বাস্থ্য কারিগরি দপ্তর থেকে তাদের বিভিন্নভাবে সঠিক পরিষেবা দেওয়ার জন্য চাপ দেওয়া হচ্ছে। এদিন ১৭ দফা দাবি সামনে রেখে অপারেটররা বিক্ষোভ প্রদর্শনের পাশাপাশি ডেপুটেশন প্রদান করেন জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের নির্বাহী বাস্তুকারের কাছে।

# ২৮ বছরের যুবক নিখোঁজ, অভিযোগ পুলিশের কাছে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর: পশ্চিম চিকলিগুড়ি এলাকার বাসিন্দা বিশু দাস রহস্য জনক ভাবে নিখোঁজ হয়ে গিয়েছেন ।তার পরিবারের পক্ষ থেকে শামুকতলা থানায় অভিযোগ দায়ের করা হয়েছে নিখোঁজের । এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে মঙ্গলবার বিকেল ৫ টা নাগাদ । পুলিশ সূত্রে জানা গেছে নিখোঁজ যুবকের বয়স ২৮ বছর। গত ৫ দিন আগে ওই যুবক বাড়ি থেকে বের হয়ে রাস্তায় যান । এরপর থেকেই রহস্য জনক ভাবে নিখোঁজ হয়ে গেছেন তিনি। পুলিশ নিখোঁজের অভিযোগের পরিপ্রেক্ষিতে একটি মামলা শুরু করেছে।

# ১৩ বছরের নাবালক কে পরিবারের হাতে তুলে দিল পুলিশ




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : ১৩ বছরের এক নাবালককে উদ্ধার করে তার দিদিমার হাতে তুলে দিল শামুকতলা থানার পুলিশ মঙ্গলবার বেলা বারোটা মেলা। সোমবার গভীর রাতে আলিপুরদুয়ার হাতিপোতা রাজ্য সড়কের কার্তিকা এলাকার ১৩ বছরের নাবালক রাস্তায় ঘুরে বেড়াচ্ছে । পুলিশ টহলদারি করার সময় ওই নাবালককে দেখতে পায়। তারপরেই তাকে জিজ্ঞাসাবাদ করলে সঠিক উত্তর দিতে পারেনি নাবালক। রাতেই তাকে পুলিশ শামুকতলা থানায় নিয়ে আসে। মঙ্গলবার দুপুরে নাবালকের দিদিমা থানায় আসেন তাকে নিতে। পুলিশ সূত্রে জানা গেছে নাবালকের মা-বাবা নেই দিদিমার কাছেই সে থাকে।

# পুলিশ ফাঁড়ির ৫০০ মিটারের মধ্যে প্রাসাদোপম বাড়িতে বাস দাগি আসামির




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির ৫০০ মিটারের মধ্যেই বাস দাগি আসামির। সোমবার গভীর রাতে শামুকতলা থানার পুলিশকে সঙ্গে নিয়ে এলাকার ঘর জামাই সুরজিৎ অধিকারী কে গ্রেপ্তার করেছে শীতলকুচি থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে গত তিন দিন আগে শীতলকুচি এলাকায় এক বাড়ি থেকে ৬৫ হাজার টাকা এবং সোনার গহনা নিয়ে চম্পট দিয়েছেন সুরজিৎ অধিকারী রাতের বেলায় ফাকা বাড়ি থেকে। চুরির পরেই শীতলকুচি পুলিশের কাছে অভিযোগের দায়ের করে বাড়ির মালিক। পুলিশ তদন্ত শুরু করে সিসিটিভির ফুটেছে দেখে তার গাড়ির নাম্বার পায়। এই গাড়ি নিয়েই তিনি ফাঁকা বাড়িতে চুরি করতে গিয়েছিলেন। সোমবার রাতে গাড়িসহ তাকে গ্রেফতার করে শীতলকুচি নিয়ে গেছে পুলিশ। এদিকে শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির ৫০০ মিটারের মধ্যেই তার বাড়ি। প্রাসাদোপম বাড়িতে গিয়ে চক্ষু চড়ক গাছ হয়েছে শীতলকুচি পুলিশ শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের। এদিকে বিষয়টি নিয়ে খোঁজখবর নেওয়া শুরু করেছেন আলিপুরদুয়ার জেলা পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে সুরজিৎ অধিকারী কে এর আগেও গ্রেপ্তার করা হয়েছিল চুরির অভিযোগে। পুলিশ পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে জানিয়েছেন শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক।

# পাচারের পথে উদ্ধার গাঁজা, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৬ সেপ্টেম্বর : পাচারের পথে একটি ট্রেলার ট্রাকের চালকের কেবিন থেকে উদ্ধার পচান্নব্বই কেজি গাঁজা। জানা গেছে গোপন সুত্রে খবরের ভিত্তিতে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ফাঁসিদেওয়া থানার পুলিশ মঙ্গলবার সাতাশ নম্বর জাতীয় সড়কে ফুলবাড়ি ঘোষ পুকুরের মহম্মদবক্সপুরে একটি ট্রেলার ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে চালকের কেবিন থেকে উদ্ধার হয় প্যাকেট করা গাঁজা যার মোট ওজন পচান্নব্বই কেজি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান নক্সালবাড়ির মহকুমা পুলিশ আধিকারিক আশীষ কুমার। গ্রেপ্তার করা হয় চালক সঞ্জয় রায়কে, সে বিহারের বাসিন্দা। মহকুমা পুলিশ আধিকারিক জানান গাঁজার প্যাকেট গুলি অসম বাংলা সীমানার বারবিশা থেকে বর্ধমান পানাগড়ে নিয়ে যাওয়া হচ্ছিল। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে গাঁজা বাজেয়াপ্ত ও চালকের গ্রেপ্তারি পর্ব সম্পন্ন করা হয়েছে। এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় চালকের বিরুদ্ধে মামলা রুজুকরে বুধবার আদালতে পেশ করা হবে।

# দলমোড় জঙ্গল থেকে উদ্ধার প্রচুর পরিমান ভূটানী মদ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৬ সেপ্টেম্বর : আবগারি দপ্তরের আলিপুরদুয়ার শাখার কর্মীদের অভিযানে বীরপাড়া ব্লকের দলমোড় জঙ্গল থেকে উদ্ধার হলো প্রচুর পরিমান ভূটানী মদ। অভিযানে নেতৃত্ব দেন আবগারি দপ্তরের আলিপুরদুয়ার জেলার সুপারিন্টেন্ডেন্ট। জানা গেছে আবগারি দপ্তরে গোপন সুত্রে খবর আসে যে ধূসর রঙের একটি ছোট চার চাকার গাড়ি করে ভুটানের গোমটু থেকে প্রচুর পরিমান ভূটানী মদ ভারতে পাচার করা হবে। উল্লেখ্য ভূটানে তৈরি মদ অবৈধভাবে কর ফাঁকি দিয়ে ভারতের বাজারে নিয়ে আসে পাচারকারীরা। ভারতের বাজারে চড়া দামে সেগুলি বিক্রি করা হয়। মদ পাচারের খবর পেয়ে আবগারি কর্মীরা ভুটান থেকে ভারতে আসার সড়কের দলমোড় এলাকায় ওঁত পাতেন। সোমবার দুপুর দেড়টা নাগাদ উদ্দিষ্ট গাড়িটিকে তারা দেখতে পান। রাস্তায় আবগারি কর্মীদের অভিযানের আঁচ পেয়েই চালক গাড়িটি অন্যপথে ঘুরিয়ে দ্রুতগতিতে চলতে শুরু করে। আবগারি কর্মীরা গাড়িটির পিছু ধাওয়া করলেও গাড়িটি পালিয়ে যেতে সমর্থ হয়। আবগারি কর্মীরা কিছুদুর গিয়ে বুঝতে পারেন মদ বোঝাই গাড়িটি দলমোড় বৌদ্ধ গুম্ফার কাছাকাছি বাঁক নিয়ে দলমোড় জঙ্গলের দিকে চলে গেছে। । আবগারী কর্মীরা জঙ্গলের দিকে যান কিন্তু গাড়িটি দেখতে না পেয়ে জঙ্গলে তল্লাশী শুরু করেন। তল্লাশীতে তাদের নজরে আসে পাচারকারীরা গাড়ি থেকে মদের কার্টন গুলি জঙ্গলে ফেলে রেখে পালিয়ে গেছে। তারা উদ্ধার করেন ত্রিশ কার্টন ভুটানী বিয়ার ও ঊনত্রিশ কার্টন ভুটানী হুইস্কি। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে নিয়ে আসেন আবগারি কর্মীরা। জানা গেছে পলাতক পাচারকারী ও গাড়িটির সন্ধানে তদন্ত শুরু করেছে আবগারি দপ্তরের কর্মীরা।

# তিন মাস পর জঙ্গল খুলতেই বক্সার জঙ্গলে ভীড় পর্যটকদের



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৬ সেপ্টেম্বর : জুন মাসের পনেরো তারিখ বন্ধ হয়েছিলো উত্তরবঙ্গ ও ডুয়ার্সের জঙ্গল, ঠিক তিন মাস বাদে বুধবার ফের খুলে গেলো পর্যটকদের জন্য জঙ্গল প্রবেশ।জঙ্গল বন্ধ থাকায় পর্যটকরা ডুয়ার্সে আসা পর্যটকরা খানিকটা হতাশ হয়ে পড়েছিলেন। মঙ্গলবার পুজোর মুখে জঙ্গল খুলতেই বক্সার জঙ্গলে পর্যটকদের ভীড় লক্ষ্য করা গেলো। তারা জানান ডুয়ার্সের প্রধান আকর্ষণ বন ও বন্যপ্রানী দেখার জন্য জঙ্গল সাফারি। জুন মাসের মাঝামাঝি থেকে সেপ্টেম্বর মাসের মাঝামাঝি সময় পর্যন্ত জঙ্গল বন্ধ থাকে। কারন এই সময়টাকে বন্যপ্রাণীদের প্রজনন কাল বলে ধরা হয়। এই সময়ে বন্য প্রাণীদের প্রজননে যাতে বিঘ্ন না ঘটে সেজন্য জঙ্গল বন্ধ করে দেওয়া হয়। তিন মাস জঙ্গল বন্ধ থাকার পর বুধবার জঙ্গল খুলতেই খুশীর হাওয়া পর্যটকদের মধ্যে, তারা প্রথম দিনেই ভীড় জমিয়েছেন জঙ্গলে প্রবেশের জন্য। প্রথম দিনে পর্যটকদের ভীড় লক্ষ্য করে চনমনে হয়ে উঠেছেন স্থানীয় মানুষজন কারন পর্যটক এলে তাদের ও কিছু আয়ের রাস্তা খুলে যাবে।

# ১৩ নম্বর ওয়ার্ডে পার্কিং জোনের উদ্বোধন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার ১৩ নম্বর ওয়ার্ডে পার্কিং জোনের উদ্বোধন করলেন আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর মঙ্গলবার বেলা দুটা নাগাদ। পার্কিং জোন না থাকাতে দিনের পর দিন অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে গাড়িচালক থেকে শুরু করে অনেকের।অবশেষে আলিপুরদুয়ার পৌরসভার পক্ষ থেকে পার্কিং জোনের উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পৌরসভার চেয়ারম্যান সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। উল্লেখ্য দীর্ঘদিন যাবত ওই এলাকায় পার্কিং জোন তৈরি করার দাবি উঠেছিল গাড়িচালকদের পক্ষ থেকে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |